

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স - ৪৪২৯(আগরতলা, ২০।৩)  
খোয়াই, ২০ মার্চ ২০১৭

**খোয়াইয়ে শাস্ত্রীয় সঙ্গীত উৎসব**

খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে খোয়াই পুরান টাউন হলে ১৮ মার্চ জেলা ভিত্তিক শাস্ত্রীয় সঙ্গীত উৎসব অনুষ্ঠিত হয়। প্রদীপ জ্বালিয়ে উৎসবের উদ্বোধন করেন বিধায়ক বিশুজিৎ দত্ত। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি জীবন ও প্রাণের সঙ্গে যে সংস্কৃতি জড়িয়ে রয়েছে এই ধরনের সংস্কৃতির চর্চা করতে আহ্বান জানান। প্রধান অতিথির ভাষণে জিলা পরিষদের সহকারী সভাপতি বিদ্যুৎ ভট্টাচার্য ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থে নিজস্ব সংস্কৃতিকে আরও বিকাশ ঘটানোর উপর গুরুত্ব দেন। স্বাগত ভাষণ দেন বরিশত তথ্য আধিকারিক রিপন চাকমা। উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন শুরা সেনগুপ্ত, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান কৃষ্ণ শুল্ক দাস প্রমুখ। সভাপতিত্ব করেন জিলা পরিষদের সভাপতি সাইনী সরকার। অনুষ্ঠানে খোয়াই জেলার ৬টি ব্লক ও ২টি পুর এলাকা থেকে মৃদঙ্গ, বাঁশী, হারমোনিয়াম, ঢাক, দোতারা, সারেঙ্গি ইত্যাদিতে ১০৫ জন শিল্পী অংশ নেন।

\*\*\*\*\*

This document was converted using  
Smart PDF Converter  
To remove this message purchase the  
product at [www.SmartPDFConverter.com](http://www.SmartPDFConverter.com)